



ISO 9001:2015 Certified



নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ NAOGAON PALLI BIDYUT SAMITY-2



সিনিয়র জেনারেল ম্যানেজারের কার্যালয়
নজিপুর, পল্লীতলা, নওগাঁ।
মোবাইল- 01769402190

E-mail : naogaonpbs2@gmail.com
Web-http://pbs2.naogaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৪৭৫.৫৭৫.০১.০৩৮.২২. ৫৬৬২

তারিখ- ০৩ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ।
১৮ ডিসেম্বর, ২০২২ খ্রি:।

“কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) দরপত্র বিজ্ঞপ্তি”

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জন্য নিম্নোক্ত বিবরণ ও শর্ত মোতাবেক বিদ্যুৎ বিল সংক্রান্ত প্রত্যয়ন পত্র (পরিশোধিত/অপরিশোধিত) ছাপানোর নিমিত্তে পবিস তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী/ছাপাখানার নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

০১) দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়	: ২৬/১২/২০২২ খ্রিঃ, সময় বেলা ১১:৩০ ঘটিকা।
০২) দরপত্র দাখিল ও খোলার স্থান	: ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। খ) সিনিয়র জেনারেল ম্যানেজার, নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২, নজিপুর, পল্লীতলা, নওগাঁ।
০৩) দরপত্র খোলার তারিখ ও সময়	: ২৬/১২/২০২২ খ্রিঃ, সময় বেলা ১১:৩৫ ঘটিকা।

বিদ্যুৎ বিল সংক্রান্ত প্রত্যয়ন পত্র এর বিবরণ ও মূল্য তালিকা


ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	উদ্ধৃত মূল্য (টাকা)	
			একক মূল্য	মোট মূল্য
০১	বিদ্যুৎ বিল সংক্রান্ত প্রত্যয়ন পত্র (পরিশোধিত)	২,৮৮,০০০ কপি		
০২	বিদ্যুৎ বিল সংক্রান্ত প্রত্যয়ন পত্র (অপরিশোধিত)	৬,০০০ কপি		
			সর্বমোট (টাকা)=	

কথায়ঃ.....।

শর্তাবলীঃ

- ০১। দরপত্র উপরে বর্ণিত সময়সীমা অনুযায়ী ০২ নং ক্রমিকে বর্ণিত ঠিকানায় রক্ষিত টেন্ডার বক্সে জমা প্রদান করতে পারবেন। দাখিলকৃত দরপত্রসমূহ ০৩ নং ক্রমিকে বর্ণিত সময়সূচী অনুযায়ী ০২ নং ক্রমিকে বর্ণিত স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) খোলা হবে।
- ০২। দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর, ভ্যাট রেজিস্ট্রেশন ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৩। বর্ণনা ও প্রদর্শিত নমুনা মোতাবেক মালামাল সরবরাহ করতে হবে। নমুনা মোতাবেক মালামাল সরবরাহ করা না হলে তা গ্রহণ করা হবে না।
- ০৪। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ কম/বেশী হতে পারে; দরপত্রে কোনরকম কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- ০৫। কার্যাদেশ প্রাপ্ত দরদাতা প্রতিষ্ঠান যথাযথভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল স্বাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। দাখিলকৃত মোট বিল হতে নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।
- ০৬। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য বিলম্বের সরবরাহকৃত মালামালের কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশের মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ০৭। দরপত্র বাছাইকালে উদ্ধৃতমূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।


- ০৮। দরপত্র জামানত প্রয়োজন নাই, সফল দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশ ইস্যুর ১০ (দশ) দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।
- ০৯। বর্ণিত শর্তসমূহে কোন বিষয় উল্লেখ না থাকলে সে বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


18/12/2022

(প্রকৌঃ সন্তোষ কুমার সাহা)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নওগাঁ।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, পল্লীতলা, নওগাঁ।
- ০৫। মেয়র, পল্লীতলা পৌরসভা, নওগাঁ।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ----- পবিস ১/২/৩/৪।
- ০৭। এজিএম (অর্থ), নওগাঁ পবিস-২।
- ০৮। এজিএম (আইটি), নওগাঁ পবিস-২ (ফেসবুক পেজ/নোটিশ বোর্ড/ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ০৯। মেসার্স -----।
- ১০। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (<http://pbs2.naogaon.gov.bd>), নওগাঁ পবিস-২।


18/12/2022

(প্রকৌঃ সন্তোষ কুমার সাহা)
সিনিয়র জেনারেল ম্যানেজার

